# সিলেট বোর্ড-২০১৭

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ২ | ৯ | ৩ |

### সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান– ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **চারটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

### ক বিভাগ: ব্যাংকিং

**১.▶** জনাব মাহী এবং জনাব ফিরোজ বিশ্ববিদ্যালয় থেকে সদ্য এমবিএ পাস করে বের হয়েছে। সম্প্রতি মাহী 'X' ব্যাংকের সহকারী পরিচালক পদে যোগদান করে, যেটি দেশের মুদ্রাবাজারের স্থিতিশীলতা রক্ষা ও ঋণ নিয়ন্ত্রণের সাথে সংশ্লিষ্ট। অন্যদিকে জনাব ফিরোজ 'Y' ব্যাংকের সিনিয়র অফিসার পদে যোগদান করে যেটি প্রধানত জনগণের কাছ থেকে আমানত গ্রহণ করে এবং প্রয়োজনে ঋণদানের মাধ্যমে প্রতিষ্ঠানের
জন্য প্রয়োজনীয় মুনাফা অর্জন নিশ্চিত করে। কার্যাবলি ভিন্ন হলেও ফিরোজের কর্মরত ব্যাংককে মাহীর কর্মরত ব্যাংকের নিকট দায়বদ্ধ থাকতে হয়।

ক. ব্যাংক কী? ১

খ. ব্যাংককে অর্থ ও ঋণের ব্যবসায়ী বলা হয় কেন? বুঝিয়ে লেখ। ২

গ. কার্যাবলির ভিত্তিতে জনাব মাহী এর ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা করো। ৩

ঘ. ফিরোজের কর্মরত ব্যাংককে মাহীর কর্মরত ব্যাংকের নিকট দায়বদ্ধ থাকার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

**২.▶** জনাব রানা একজন চাকরিজীবী। তিনি পূর্বের ব্যক্তিগত ঋণ পরিশোধের জন্য জনাব রহিমের নামে একটি চেক ইস্যু করে। যার বামপাশের কোণায় দুইটি সমান্তরাল রেখা টানা ছিল। কিন্তু হস্তান্তরের পূর্বেই তিনি মানিব্যাগসহ চেকটি হারিয়ে ফেলেন। দ্রুত বিষয়টি ব্যাংক কর্তৃপক্ষকে অবহিত করলে ব্যাংক কর্তৃপক্ষ তাকে দুশ্চিন্তামুক্ত থাকার আহ্বান জানান এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেন।

ক. অঙ্গীকারপত্র কী? ১

খ. বিনিময় বিল অপেক্ষা চেকের ব্যবহার সার্বজনীন কেন? বুঝিয়ে লেখ। ২

গ. জনাব রানা কর্তৃক ইস্যুকৃত চেকটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. ব্যাংক কর্তৃপক্ষ জনাব রানাকে দুশ্চিন্তামুক্ত থাকতে বলার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

**৩.▶** বাংলাদেশ ব্যাংক দেশের মুদ্রা বাজারের স্থিতিশীলতা রক্ষার দায়িত্বপ্রাপ্ত একটি আর্থিক প্রতিষ্ঠান। সম্প্রতি দেশে মুদ্রাস্ফীতি দেখা দিলে ব্যাংকটি তার সুদের হার ৫% থেকে বৃদ্ধি করে ৬% এ উন্নীত করে। তবু মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে না আসায় ব্যাংকটি ঋণ প্রদানের ক্ষেত্রে কতকগুলো খাত সুনির্দিষ্ট করে দেন। এতে ঋণ সরবরাহ স্থিতিশীল হয়।

https://teachingbd24.com

ক. নিকাশ ঘর কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে ঋণদানের শেষ আশ্রয়স্থল বলা হয় কেন? ২
গ. বাংলাদেশ ব্যাংক প্রথম অবস্থায় ঋণ নিয়ন্ত্রণের কোন ধরনের সংখ্যাত্মক পদ্ধতি ব্যবহার করেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. দ্বিতীয় পর্যায় কেন্দ্রীয় ব্যাংক কর্তৃক ঋণ নিয়ন্ত্রণ কার্যক্রম গ্রহণ কতটুকু যৌক্তিক? উদ্দীপকের আলোকে তোমার মতামত দাও। ৪

**৪.▶** জনাব মাহবুব গত পাঁচ বছর যাবত অগ্রণী ব্যাংকে একটি ডিপিএস হিসাব পরিচালনা করেছিলেন যার মেয়াদপূর্তিতে তিনি ৫ লক্ষ টাকা পান। এ প্রাপ্ত অর্থ হতে ২০ হাজার টাকা তিনি নতুন একটি ব্যাংক হিসাবে জমা রাখেন যেখানে দৈনিক যতবার খুশি টাকা জমা রাখা গেলেও কিছু বাধ্যবাধকতার ভিতরে থেকে টাকা উত্তোলন করতে হয়। অবশিষ্ট টাকা তিনি অধিক লাভের আশায় ভিন্ন ধরনের একটি ব্যাংক হিসাবে দীর্ঘ সময়ের জন্য জমা রাখেন।

ক. ব্যাংক হিসাব কী? ১
খ. একজন ব্যবসায়ীর জন্য কোন ধরনের ব্যাংক হিসাব উত্তম এবং কেন? ২
গ. জনাব মাহবুব ডিপিএস থেকে প্রাপ্ত অর্থের ২০ হাজার টাকা কোন ধরনের ব্যাংক হিসাবে জমা করেছেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত অবশিষ্ট অর্থ দীর্ঘমেয়াদের জন্য অন্য একটি ব্যাংক হিসাবে জমা রাখার সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

**৫.▶** 'গোমতি ব্যাংক লি.' একটি বাণিজ্যিক ব্যাংক। সম্প্রতি ব্যাংকটি বিভিন্ন কারণে গ্রাহকদের চাহিদা মাফিক যথাসময়ে অর্থ পরিশোধ করতে পারছিল না। ব্যাংকটি আধুনিক ব্যাংকিং কৌশলও সঠিকভাবে প্রয়োগ করতে পারছিল না। প্রতিযোগিতায় টিকতে ব্যাংকটি ৫০ ভাগ শেয়ার 'ইছামতি ব্যাংক লি.' কে হস্তান্তরের সিদ্ধান্ত গ্রহণ করেছে যাতে ব্যাংকটি আধুনিক ব্যাংকে রূপান্তরিত হতে পারে।

ক. ব্যাংকের পূর্বসূরী কারা? ১
খ. ব্যাসেল-২ কোন কোন ক্ষেত্রে প্রয়োগ হয়? ২
গ. গ্রাহকদের যথাসময়ে অর্থ দিতে না পারায় 'গোমতি ব্যাংক লি.' এর ব্যাংকের কোন নীতি লঙ্ঘিত হয়েছে? ৩
ঘ. 'ইছামতি ব্যাংক লি.' কে শেয়ার হস্তান্তর 'গোমতি ব্যাংক লি.' এর জন্য কতটুকু যৌক্তিক– মতামত দাও। ৪

**৬.▶** মি. তারেক 'ডেলটা ব্যাংক লি.' এর একজন গ্রাহক। তিনি লেনদেনের সুবিধার জন্য ব্যাংক কর্তৃক ইস্যুকৃত একটি ইলেকট্রনিক কার্ড ব্যবহার করেন যা দিয়ে টাকা উত্তোলন ও কেনাকাটা করা যায়। অন্যদিকে তার বন্ধু মি. শফিক এমন একটি ইলেকট্রনিক কার্ড ব্যবহার করেন, যা দিয়ে টাকা উত্তোলন ও কেনাকাটা ছাড়া আরো অন্যান্য কাজ করা যায়।

https://teachingbd24.com

ক. ই-ব্যাংকিং কী? ১
খ. মোবাইল ব্যাংকিং কেন জনপ্রিয়? ২
গ. ব্যাংক প্রদত্ত মি. তারেকের ইলেকট্রনিক কার্ড কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
ঘ. মি. শফিকের কার্ডটি বর্তমান বাণিজ্যে কীভাবে ভূমিকা রাখতে পারে বিশ্লেষণ করো। ৪

৭.▶ জনাব আবিদ এবং জনাব শাহরিয়ার একই এলাকার দু'জন ব্যবসায়ী। তারা দু'জন ABC ব্যাংকের নিকট ভিন্ন ধরনের ঋণের জন্য আবেদন করলে ব্যাংক জনাব আবিদকে স্থায়ী সম্পদ জামানতের বিপরীতে ঋণ মঞ্জুর করে। অন্যদিকে ব্যাংক জনাব শাহরিয়ারকে অস্থাবর সম্পত্তির বিপরীতে ঋণ প্রদান করে।
ক. জমাতিরিক্ত ঋণ কী? ১
খ. ঋণ বিশ্লেষণে আবেদনকারীর অবস্থা বিবেচনাই মুখ্য কেন? ২
গ. ABC ব্যাংক জনাব আবিদকে যে ধরনের ঋণ মঞ্জুর করেছে তা প্রকৃতি বিবেচনায় কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
ঘ. ABC ব্যাংক কর্তৃক জনাব শাহরিয়ারকে প্রদত্ত ঋণ জনাব আবিদকে প্রদত্ত ঋণ অপেক্ষা অধিক সুবিধাজনক– যুক্তি দেখাও। ৪

## খ বিভাগ: বিমা

৮.▶ ভবিষ্যৎ অনিশ্চয়তার কথা চিন্তা করে মি. 'X' একটি ৫ বছর মেয়াদি ও কম প্রিমিয়ামের বিমা পলিসি গ্রহণ করেন। এক্ষেত্রে বিমার মেয়াদ উত্তীর্ণ হলে শুধু মি. 'X' কে বিমাদাবির অর্থ পরিশোধের নিশ্চয়তা প্রদান করা হয়। অন্যদিকে মি. 'Y' একটি ২০ বছর মেয়াদি বিমা পলিসি গ্রহণ করে পলিসিটির মেয়াদের মধ্যে মি. 'Y' মারা গেলে তার পরিবারের মনোনীত ব্যক্তিকে অথবা মৃত্যুবরণ না করলে মি. 'Y' কে বোনাসসহ বিমাকৃত অর্থ প্রদানের নিশ্চয়তা প্রদান করে।
ক. বিমাযোগ্য স্বার্থ কী? ১
খ. বিমাকে ঝুঁকি বণ্টনের যৌথ ব্যবস্থা বলা হয় কেন? ২
গ. মি. 'X' কর্তৃক গৃহীত বিমা পলিসিটি বিমাপত্রের মেয়াদের ভিত্তিতে কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'মি. 'Y' কর্তৃক গৃহীত বিমাপত্রটি একাধারে নিরাপত্তা ও বিনিয়োগ সুবিধা প্রদান করবে'– তুমি কি এ উক্তির সাথে একমত? উদ্দীপকের আলোকে তোমার যৌক্তিক মতামত দাও। ৪

৯.▶ 'বেঙ্গল শিপিং' এর মালিক জনাব মামুন তার ৫টি জাহাজ ০১-০১-২০১৬ থেকে ৩০-০৬-২০১৬ তারিখ পর্যন্ত সময়ের জন্য 'কর্ণফুলী ইন্সুরেন্স কোম্পানির' নিকট একই বিমাপত্রের অধীনে বিমা করেন। উক্ত সময়ের মধ্যে সিঙ্গাপুর সমুদ্র বন্দর থেকে চট্টগ্রাম সমুদ্র বন্দরে ফেরার পথে 'বেঙ্গল শিপিং' এর বিমাকৃত একটি জাহাজ সামুদ্রিক ঝড়ের মুখোমুখি হয়ে ডুবে যাওয়ার উপক্রম হয়। বিপদগ্রস্ত জাহাজটিকে বিপদমুক্ত করার

https://teachingbd24.com

লক্ষ্যে জাহাজে বোঝাইকৃত কিছু মালামাল সমুদ্রে নিক্ষেপ করলে জাহাজটি রক্ষা পায়। পরবর্তীতে 'বেঙ্গল শিপিং' কর্ণফুলী ইন্সুরেন্স কোম্পানির' নিকট সমুদ্রে নিক্ষিপ্ত পণ্যের সম্পূর্ণ ক্ষতিপূরণ দাবি করলে বিমা কোম্পানিটি আনুপাতিক হারে ক্ষতিপূরণ প্রদান করা হবে বলে জানিয়ে দেয়।

ক. নৌ-বিপদ কী? ১

খ. জেটিসনের ফলে কোন ধরনের সামুদ্রিক ক্ষতির উদ্ভব হয়? ব্যাখ্যা করো। ২

গ. 'বেঙ্গল শিপিং' কর্তৃক গৃহীত বিমাপত্রটি কোন ধরনের নৌ বিমাপত্র? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'কর্ণফুলী বিমা কোম্পানি' কর্তৃক আনুপাতিক হারে ক্ষতিপূরণ প্রদানের সিদ্ধান্ত কতটুকু যৌক্তিক? উদ্দীপকের আলোকে তোমার মতামত দাও। ৪

১০.▶ জনাব ফারুক একজন পোশাক ব্যবসায়ী। তিনি অগ্নিজনিত ক্ষতির কথা চিন্তা করে সাদিয়া ইন্স্যুরেন্স কোম্পানির নিকট থেকে তার ৫ লক্ষ টাকার তৈরি পোশাকের জন্য ৪ লক্ষ টাকায় একটি অগ্নিবিমা পলিসি গ্রহণ করেন। বিমাকৃত সময়ের মধ্যে আগুন লেগে জনাব ফারুকের ২ লক্ষ টাকার সমপরিমাণ ক্ষতি সাধিত হয়। তিনি বিমা কোম্পানির নিকট ২ লক্ষ টাকা ক্ষতিপূরণ দাবি করলে বিমা কোম্পানিটি তাকে দাবিকৃত অর্থ পরিশোধে অস্বীকৃতি জানায়।

ক. ঘোষণাকৃত বিমাপত্র কী? ১

খ. অগ্নিবিমাকে ক্ষতিপূরণের চুক্তি বলা হয় কেন? ২

গ. জনাব ফারুক কোন ধরনের অগ্নিবিমাপত্র গ্রহণ করেছিলেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. ক্ষতিপূরণ প্রদানের ক্ষেত্রে বিমাগ্রহীতার দাবিকৃত অর্থ পরিশোধে বিমা কোম্পানির অস্বীকৃতির যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

১১.▶ জনাব মাশরুর বিমা দাবি প্রাপ্তির অনিশ্চয়তার কথা চিন্তা করে তার ১০০ কোটি টাকা মূল্যের যন্ত্রপাতির জন্য 'মডার্ন ইন্সুরেন্স কোম্পানি লি.' ও 'পপুলার ইন্সুরেন্স কোম্পানি লি.' নামক দু'টি বিমা কোম্পানি থেকে বিমা পলিসি গ্রহণ করেন। অন্যদিকে জনাব সামিয়া তার ২০০ কোটি টাকা মূল্যের জাহাজের জন্য 'প্রিমিয়ার ইন্সুরেন্স কোম্পানির' নিকট থেকে একটি বিমা পলিসি সংগ্রহ করেন। 'প্রিমিয়ার ইন্সুরেন্স কোম্পানি' উক্ত জাহাজের জন্য আবার 'জনতা ইন্সুরেন্স কোম্পানির' নিকট থেকে ভিন্ন একটি বিমা পলিসি গ্রহণ করে।

ক. শস্য বিমা কী? ১

খ. কোন ধরনের সম্পত্তি বিমায় নৈতিক ঝুঁকির মাত্রা বেশি থাকে? ব্যাখ্যা করো। ২

গ. জনাব মাশরুর কোন ধরনের বিমা পলিসি গ্রহণ করেছিলেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'জনতা ইন্সুরেন্সের নিকট বিমা করায় প্রিমিয়ার ইন্সুরেন্সের ঝুঁকি কমবে এবং জনাব সামিয়ার বিমা দাবি প্রাপ্তির সম্ভাবনা বাড়বে'— তুমি কি এ উক্তি সমর্থন করো? উদ্দীপকের আলোকে তোমার মতামত দাও। ৪

https://teachingbd24.com

# ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: দ্বিতীয় পত্র

## বহুনির্বাচনি প্রশ্ন

বিষয় কোড : | ২ | ৯ | ৩ |

পূর্ণমান– ৩০

[ বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]

১. একজন ব্যবসায়ীর জন্য কোন ধরনের হিসাব উত্তম?
ⓚ চলতি ⓚ সঞ্চয়ী
ⓖ স্থায়ী ⓖ বিশেষ সঞ্চয়ী

২. হস্তান্তরযোগ্য দলিল আইন প্রতিষ্ঠিত হয় কত সালে?
ⓚ ১৯৯১ ⓚ ১৯৮১
ⓖ ১৯৩২ ⓖ ১৮৮১

৩. ব্যাংকের প্রতি গ্রাহকের লিখিত নির্দেশকে কী বলে?
ⓚ চেক ⓚ পে-অর্ডার
ⓖ ব্যাংক ড্রাফট ⓖ ব্যাংক বন্ড

৪. ১ ও ২ টাকার নোট হচ্ছে–
i. সরকারি নোট ii. বিহিত মুদ্রা
iii. অর্থ মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৫. একটি বৈধ চেকের মেয়াদ–
ⓚ ২ মাস ⓚ ৩ মাস
ⓖ ৬ মাস ⓖ ১২ মাস

৬. বিমাচুক্তির আইনগত উপাদান কোনটি?
ⓚ বিমাযোগ্য স্বার্থ ⓚ বৈধ প্রতিদান
ⓖ প্রত্যক্ষ কারণ ⓖ স্থলাভিষিক্তকরণ

৭. কোন বিমাকে নিশ্চয়তার চুক্তি বলা হয়?
ⓚ জীবন বিমা ⓚ নৌ বিমা
ⓖ অগ্নি বিমা ⓖ গবাদিপশু বিমা

৮. কোন বিমার মাধ্যমে বিমা ব্যবসায়ের যাত্রা শুরু হয়?
ⓚ জীবন বিমা ⓚ নৌ বিমা
ⓖ অগ্নি বিমা ⓖ দুর্ঘটনা বিমা

৯. মালিকানার ভিত্তিতে পরিচালিত নিচের কোনটি সরকারি ব্যাংক?
ⓚ পূবালী ব্যাংক ⓚ রূপালী ব্যাংক
ⓖ উত্তরা ব্যাংক ⓖ ন্যাশনাল ব্যাংক

১০. কোনটি ব্যাংকের অন্যতম পুঁজি?
ⓚ অর্থ ⓚ গ্রাহক
ⓖ আদর্শ ⓖ সুনাম

১১. বাংলাদেশে ব্যাংকিং কোম্পানি অধ্যাদেশ কত সালের?
ⓚ ১৯৩২ ⓚ ১৯৯১
ⓖ ১৯৯২ ⓖ ২০১০

১২. মাইক্রো ফাইন্যান্স সংস্থা কোন ব্যাংক?
ⓚ গ্রামীণ ব্যাংক ⓚ সোনালী ব্যাংক
ⓖ জনতা ব্যাংক ⓖ ন্যাশনাল ব্যাংক

১৩. বাংলাদেশ ব্যাংকের প্রধান নির্বাহী কে?
ⓚ ব্যবস্থাপনা পরিচালক
ⓚ মহাব্যবস্থাপক
ⓖ সরকার ⓖ গভর্নর

১৪. CRR এর পূর্ণরূপ কী?
ⓚ Cash Reserve Rate
ⓚ Cash Reserve Ratio
ⓖ Cash Reserve Requrement
ⓖ Cash Requrement Ratio

১৫. ব্যাংক হার পরিবর্তন করতে পারে?
ⓚ বাণিজ্যিক ব্যাংক ⓚ সরকারি ব্যাংক
ⓖ কেন্দ্রীয় ব্যাংক ⓖ বিশেষায়িত ব্যাংক

**উদ্দীপকটি পড়ো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও।**

সুতার ব্যবসায়ী লাবনি সুতার গুদাম বিমা করেছিল। সুতার পরিমাণ সঠিকভাবে উল্লেখ না করায় বিমা কোম্পানি তার বিমা চুক্তি বাতিল করেছে।

১৬. লাবনি কোন ধরনের বিমা করেছে?
ⓚ দায় বিমা ⓚ নৌ বিমা
ⓖ দুর্ঘটনা বিমা ⓖ অগ্নি বিমা

১৭. উদ্দীপকে উল্লিখিত কোন নীতি ভঙ্গের কারণে বিমা চুক্তি বাতিল হয়েছে?
ⓚ বিমাযোগ্য স্বার্থ ⓚ প্রত্যক্ষ কারণ
ⓖ বৈধ প্রতিদান ⓖ বিশ্বস্ততার নীতি

Teachingbd24.com

১৮. কোন ক্ষেত্রে দ্বৈত বিমা করা যায় না?
ক) অগ্নি বিমা  খ) জীবন বিমা
গ) নৌ বিমা  ঘ) শস্য বিমা

১৯. নিচের কোনটি সামুদ্রিক ক্ষতি?
ক) আটক  খ) অতিরিক্ত মাল
গ) গচ্চা  ঘ) বিস্ফোরণ

২০. কোনটি নৌ-বিপদ–
ক) গচ্চা  খ) বিশেষ খরচাবলি
গ) পণ্য নিক্ষেপন  ঘ) উদ্ধার সংক্রান্ত খরচ

২১. গবাদিপশু বিমায় কোন ধরনের ঝুঁকি সবচেয়ে বেশি?
ক) প্রাকৃতিক ঝুঁকি  খ) অনৈতিক ঝুঁকি
গ) সামাজিক ঝুঁকি  ঘ) নৈতিক ঝুঁকি

২২. যানবাহন বিমার অন্তর্ভুক্ত হলো–
i. মোটরগাড়ি বিমা
ii. বিমান বিমা
iii. মোটর সাইকেল বিমা

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

২৩. কখন কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণের প্রয়োজন পড়ে?
ক) দ্রব্য মূল্য হ্রাস পেলে
খ) অর্থের চাহিদা হ্রাস পেলে
গ) মুদ্রাস্ফীতি বৃদ্ধি পেলে
ঘ) ঋণের পরিমাণ হ্রাস পেলে

২৪. কেন্দ্রীয় ব্যাংকের প্রধান লক্ষ্য হচ্ছে–
i. মুনাফা অর্জন করা
ii. ঋণ নিয়ন্ত্রণ করা
iii. নোট ও মুদ্রা প্রচলন

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii

২৫. নিকাশ ঘরের কাজ হলো–
i. আন্তঃব্যাংক লেনদেন নিস্পত্তি
ii. ঋণ প্রদান করা
iii. অর্থ স্থানান্তর করা

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

২৬. কোন নীতির কারণে বাণিজ্যিক ব্যাংক জমাকৃত সব টাকা বিনিয়োগ করতে পারে না–
ক) স্বচ্ছলতার নীতি  খ) নিরাপত্তার নীতি
গ) তারল্য নীতি  ঘ) সেবা নীতি

২৭. বাণিজ্যিক ব্যাংক কিভাবে তারল্য সংকট মোকাবিলা করে?
ক) বিল পুনঃবাট্টা করে  খ) সুদের হার কমিয়ে
গ) ঋণদান বন্ধ করে  ঘ) আমানত গ্রহণ করে

২৮. ব্যাংক হিসাব খুলতে পরিচয় দানকারী সাধারণত কে হন?
ক) আবেদনকারীর অভিভাবক
খ) ব্যাংকের একজন গ্রাহক
গ) ইউনিয়ন/পৌরসভার চেয়ারম্যান
ঘ) ব্যাংকের একজন কর্মকর্তা

উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।

মিজান সাহেব একজন চাকরিজীবী। তিনি ব্যাংকে একটি হিসাব খুলে প্রতিমাসে ১,০০০ টাকা জমা দেন। এভাবে ১০ বছর জমা দেওয়ার পর তিনি সমুদয় টাকা লাভসহ ফেরত পাবেন। দশ বছরের আগে তিনি টাকা তুলতে পারবেন না।

২৯. মিজান সাহেব কোন ধরনের হিসাব খুলেছেন?
ক) চলতি
খ) স্থায়ী
গ) ডিপোজিট পেনশন স্ক্রিম
ঘ) বিশেষ চলতি

৩০. মিজান সাহেবের এ ধরনের হিসাব খোলার উদ্দেশ্য কী?
ক) সঞ্চয়ের সুযোগ লাভ
খ) অধিক আয়ের সুযোগ লাভ
গ) জমার বিপরীতে ঋণ লাভ
ঘ) অন্যান্য ব্যাংকিং সুবিধা লাভ

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | ঘ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | গ | ৬ | খ | ৭ | ক | ৮ | খ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | গ |
| | ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | গ | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | ক |

Teachingbd24.com